The
# Financial Express
19 AUGUST, 2021



# Industrialist Anwar Hossain passes away

Alhaj Anwar Hossain, the founder and chairman of Anwar Group, one of the largest and oldest industrial conglomerates in the country, has passed away.

He breathed his last on Tuesday (August 17) night while undergoing treatment at Labaid Hospital at Dhanmondi in Dhaka, said a statement.

He was 83 years old.

Continued from page 8 col. 1

Anwar Hossain, a former Member of Parliament of Lalbagh constituency of old part of Dhaka and founder of City Bank, had been suffering from dementia and memory losses since 2012.

His first namaj-e-janaza will be held at 10:30am today (Thursday) at Baitul Aman Jame Mosque at Dhanmondi. After his second namaj-e-janaza at Amligola of Lalbagh after Johr prayer, he will be laid to rest at the Azimpur graveyard in the city.

Anwar Hossain was one of the oldest entrepreneurs in the country. He was popularly known as Anwar Hossain of Mala Saree. Starting from a scratch, now Anwar Group is one of the top industrial conglomerates in the country.

Anwar Hossain was born in 1938. He started his business in 1953. He had employed about 14,000 people. In 1968, he established erstwhile East Pakistan's large factory, Anwar Silk Mills.

There are about 26 institutions including textile, jute, cement, steel, housing, polymer, furniture, automobile, bank, and financial institutions under the group. Anwar Hossain was the chairman of The City Bank, established in 1983, for four terms.

He is survived by four daughters and three sons. The eldest son Monwar Hossain is the managing director of the Anwar Group. Besides, Hossain Mahmood is in charge of the textile division and Hossain Khaled is in charge of the jute, automobiles and real estate business of the group.

President of Dhaka Chamber of Commerce and Industry Rizwan Rahman expressed his deep shock, among others, at the sad demise of Anwar Hossain.

The Daily Star
19 AUGUST, 2021



# Business icon Anwar Hossain no more

STAFF CORRESPONDENT

Anwar Hossain, founder and chairman of Anwar Group of Industries, breathed his last on August 17.

He died at the age of 83 at Labaid Hospital in Dhaka.

The veteran businessman had been suffering from dementia and old-age complications.

Namaz-e-janaza of Hossain, the late parliamentarian from Dhaka-8, will be held at 10:30am today at Baitul Aman Jam-e-mosque in Dhanmondi Road 7.

He was the founder chairman of Anwar Group of Industries, The City Bank Limited, Bangladesh Finance and Investment Company Ltd, and founder director of City General Insurance Company Limited.

Hossain, the renowned industrialist and successful business icon, was the chairman of the DCCI Foundation for a long time.

Hossain established Anwar Silk Mills in 1968, the first Bangalee owner of silk mill in East Pakistan (now Bangladesh) and started marketing the 'Mala Sari' made from the factory that became a much-talked about product at that time.

THE BUSINESS STANDARD
19 AUGUST, 2021

# Anwar Hossain: Passing of an industry Mogul

A tribute to one of the most impactful businessmen the country has ever known

OBITUARY

ABBAS UDDIN NOYON

Anwar Hossain, the founder and chairman of Anwar Group – one of Bangladesh's oldest and largest conglomerates, was not born with a silver spoon in his mouth. Like most men of vision and courage throughout history, his greatness came from a humble beginning.

Born to be a businessman, Anwar started his first venture in 1953 when he was just a 15-year old boy. After building up a capital of Tk480 by working and collecting some money from his mother, he began selling lungis at a shop in Chawkbazar.

He steadily transformed his little venture into a sprawling conglomerate involved in a wide range of sectors – including apparel, jute, cement, steel, real estate, polymer, furniture, automobile, bank and financial institutions, just to name a few.

During his lifetime, Anwar established 20 large industrial organisations that directly employed more than 14,000 people. The group also indirectly employs several lakh people in backward linkage industries.

Though Anwar's family had been involved in various businesses for more than a century, he made his own fortune with the brand Mala Saree. Anwar had founded Anwar Silk Mills in 1968 – which brought Mala Sarees into the market.

He even had "Mala Saree's Anwar" as a nickname in his youth.

This line of sarees became very popular in Bangladesh. During the 80s, the state-owned BTV had a famous jingle – "Mala Saree na dile biya korum na," roughly translated as "I will not marry, until I get a Mala Saree."

Anwar Group presently provides 36 products and services.

An industry Mughal and the pioneer of many businesses in Bangladesh, Anwar Hossain breathed his last at 10pm on 17 August at Dhaka's LabAid Hospital. He passed away at the age of 84 due to old age-related complications.

### Starting small, then going big

Anwar Hossain was born in 1937. Before launching his own business in the 50s, he looked after his family business for a few years. He also worked at a shop belonging to an apparel trader named Bhola Mia for some time.



## ANWAR HOSSAIN'S LIFE AT A GLANCE

- Born in 1937 at Amligola in Old Town.
- Became a businessman in 1953.
- Established Anwar Silk Mills in 1968.
- Established around 20 companies in his lifetime.
- Employed almost 14,000 people.
- Breathed his last on 17 August 2021.

### COMPANIES UNDER ANWAR GROUP

**Manufacturing**

A1 Polymer Limited
Anwar Galvanizing Limited
Jute Spinning Mills Limited
Anwar Textile Limited
Mehmud Industries Pvt. Ltd
Anwar Silk Mills Limited
Hossain Dyeing and Printing Mills Ltd
Athena Furniture and Home Decor

**Construction**

Anwar Landmark Limited
Anwar Infrastructure Limited
Anwar Cement Limited
Anwar Cement Sheet Limited
Anwar Ispat Limited

**Finance**

The City Bank
Nagar Bima Sangstha Limited
Bangladesh Finance and Investment Company Limited (BD Finance)
BD Finance Capital Holdings Ltd

**Automobile**

AG Automobiles Limited (AG Auto)

In an interview given recently to a national daily, Anwar Group's Managing Director Manwar Hossain had said, "Anwar Hossain's father Rahim Bakhsh died in 1945. Anwar was only seven years old at that time. The family business fell into disarray soon after that.

"Some of the trusted employees started embezzling money. Under such circumstances, Anwar took the reins of his family business when he was just 12 years old. His elder brother later put him to work at another apparel shop."

Manwar continued, "During that time, my father Anwar used to study from dawn to 1pm, then worked in Bhola Mia's shop. He was making Tk15 as allowance, and 2 annas to buy snacks. He saved up Tk90 through his hard work.

"His mother, my grandmother, gave him 200 silver coins, which netted him Tk390. With the capital of Tk480, he launched his first business Anwar Cloth Store at shop number 220 in Chawkbazar. He was only 15 years old."

But launching a business is just the first step, and Anwar began backbreaking work to keep his venture solvent. During that time, Dhaka's Rayer Bazar area used to hold haats at regular intervals. Anwar carried a bundle of lungi to the haat on his head.

He used to carry puffed rice and piyaju with him as snacks.

Anwar's hard work started paying off, and his business kept growing. He bought six more shops adjacent to his own in Chawkbazar and began selling clothes and sarees. Later, Anwar began importing corrugated metal sheets. It all happened between 1953 and 1960.

Near the end of 1960, Anwar Hossain's business ventures spread from Dhaka to almost all large cities across the then East Pakistan. He even launched an apparel business in Karachi, Pakistan. Anwar bought shops, offices, homes and cars there too.

After having done well in his business ventures, Anwar Hossain wanted to become an industrialist. He bought a factory and named it Anwar Silk Mills in 1968. His brand Mala Saree became an instant hit, and his businesses began growing at an exponential rate.

Mala Saree is widely regarded as the first ever popular brand for sarees in Bangladesh, and the popularity endured well after the 60s, 70s and 80s.

Anwar also established Bangladesh's first ever electric cable manufacturing factory in 1956. He then launched a steel mill named "The First Stainless Steel

| SEE PAGE 6 COL 1

CONTINUED FROM PAGE 8

Cutlery Manufacturer" in 1968. But this business faced hurdles during the Liberation War of Bangladesh in 1971.

Anwar was 33 years old during Bangladesh's struggle for freedom. He was already an established businessman. The Pakistani military burned down Chawkbazar on 24 April of 1971, and Anwar's shop was gutted in the tragic incident.

Bangladesh's economy was in tatters following freedom from Pakistan. Anwar Hossain lost a lot of money to debtors, but nevertheless, he began rebuilding his businesses. At that time, Bangladesh had only a handful of Bengali businessmen, and even less number of industrialists.

Anwar was one of the major contributors to rejuvenating Bangladesh's war-torn economy. In 1978, he established a new venture named Khaled Iron and Steels Ltd. With his eyes on the horizon, he gradually established new ventures such as Anwar Textile, Anwar Steel and Anwar Cement.

In a bid to lessen the hassle of businessmen and women at government banks, Anwar established The City Bank in 1983 with much effort – which is now one of the biggest private commercial banks in Bangladesh. He served as the chairman of the bank four times since 1983.

Commenting on Anwar Hossain's business acumen and success, his son and incumbent Managing Director of Anwar Group Manwar Hossain said, "My father achieved success because he had deep respect for his mother – my grandmother. "My father used to tell me frequently, do tomorrow's work today, and today's work now. Leave a clean table when you leave your office."

### A business leader with entrepreneurial spirit

Anwar Hossain possessed a big entrepreneurial spirit, and he helped many entrepreneurs achieve their dreams.

He was one of the major contributors behind Dhaka Chamber of Commerce and Industry (DCCI), and he helped it become one of the biggest organisations for the business community in Bangladesh.

Anwar and his close friend former DCCI president Mahbubur Rahman (the incumbent president of International Chamber of Commerce Bangladesh) acted as the guardian of the DCCI.

Mahbubur's son Rizwan Rahman told The Business Standard, "Anwar Hossain had supported the rise of a lot of new businesspeople."

He joined politics to support the country and its people. Anwar has served as a lawmaker in Dhaka-7 constituency for three years.

When it came to building new educational facilities and hospitals, and supporting social institutions, his generosity knew no bounds.

He had also established a foundation in his name.

### A family business spanning 187 years

Though Anwar was born in 1937, his family business began more than a century ago in 1834. Around 104 years ago, Anwar's grandfather Lat Mia leased a homestead from Kundu Raja in Chawkbazar with Tk1.

Lat Mia's son and Anwar's father Rahim Bakhsh expanded the family business by selling clothes and some other products beside horn combs. Rahim passed away in 1945 at the age of 85.

Anwar Hossain had previously mentioned that before his father passed away, he was one of the four top well established Muslim businessmen in the western region of Dhaka.

NEW AGE
THE OUTSPOKEN DAILY
19 AUGUST, 2021



Anwar Hossain

# *Pioneer industrialist Anwar Hossain dies*

**Staff Correspondent**

ANWAR Hossain, founder chairman of Anwar Group, breathed his last on Tuesday night while undergoing treatment at Labaid Hospital in Dhanmondi.

He was 83, said a press release.

Anwar Hossain was a former member of parliament from Lalbagh constituency of Old Town of Dhaka city.

His namaz-e-janaza was held at 10:30am on Wednesday at Baitul Aman Jame Mosque at Dhanmondi.

He was one of the oldest entrepreneurs in the country and founder of City Bank, established in 1983. Many people know him as Anwar of Mala Saree.

Anwar Hossain was born in 1938 and he started his business in 1953. He had employed about 14,000 people. In 1968, he established erstwhile East Pakistan's large factory, Anwar Silk Mills.

There are about 26 organisations including textile, jute, cement, steel, housing, polymer, furniture, automobile, bank, and financial institutions under the group.

Anwar Hossain acted as chairman of City Bank for four terms.

TRUE & IMPARTIAL
daily sun
19 AUGUST, 2021



# Industrialist Anwar Hossain passes away

STAFF CORRESPONDENT

**Anwar** Hossain, founder and chairman of Anwar Group of Industries, died of old-age complications in a city hospital on Tuesday. He was 83.

Anwar Hossain left behind his four daughters, three sons and a host of relatives and well-wishers to mourn his death.

The renowned businessman will be laid to eternal rest at Azimpur graveyard today following his two namaz-e-janazas at Baitul Aman Jam-e-Mosque in Dhanmondi road 7 at 10:30am and Amligola Shahi Mosque after Zuhr prayers.

Anwar Hossain was also the founder chairman of City Bank Ltd, Bangladesh Finance and Investment Company Ltd and founder director of City General Insurance Company Ltd. **Page 2 Col 4**

He was also elected member of parliament from Dhaka-8 constituency as a candidate of Jatiya Party in the fourth parliamentary elections in 1988.

The successful business icon was also the chairman of the DCCI Foundation for a long time. He successfully served Dhaka Chamber of Commerce and Industry (DCCI) as director in the term of 1976-78, 1982-83, 1984-85 and 1989-90.

During his lifetime, he was the trustee of Dhaka Improvement Trust (DIT), which is now RAJUK, in 1983-87. Besides, he was engaged in various socio-cultural organisations.

Anwar Hossain was born in 1938 with legacy of business at Lalbagh in Dhaka. His family business began in 1834. Anwar Hossain's grandfather Lakku Mia set up a business leasing a homestead from the then Kundu Raja at Chawkbazar.

His father Rahim Buksh later established an ivory button and comb manufacturing plant in Dhaka.

Hossain began his journey in business arena in 1953 starting a cloth shop at Chawkbazar. He set up Anwar Silk Mills in 1968 and started producing and marketing the 'Mala Saree', a much-talked about product at that time.

Now, Anwar Group of Industries has 18 companies which are involved in making and catering 36 products and services, including textiles, jute, cement, steel, banking, insurance, automobiles, housing, infrastructure and furniture with over 14,000 employees.

His son Manwar Hossain leads Anwar Group as Group Managing Director while his son Hossain Mehmood heads as Managing Director of textiles division and Hossain Khaled looks after jute, automobiles and real estate division as Managing Director.

DCCI President Rizwan Rahman expressed profound shock and sympathy at his death.

In a condolence message, he prayed for the departed soul and also conveyed deep sympathy to the bereaved family members.

The Business Post
19 AUGUST, 2021

# A conglomerate Anwar establishes in 53 years

**Staff Correspondent**

The country's business community was left mourning on Wednesday following the demise of Anwar Hossain, who created a business empire from scratch and created employment opportunities for thousands throughout his illustrious career as an industrialist.

Anwar, the founder and chairman of Anwar Group of Industries, breathed his last on Tuesday at a private hospital in the capital while undergoing treatment. He was 83.

The industrialist, who was born in 1938 at Dhaka's Almigola, had been long suffering from dementia and old-age complications.

Lauding his contribution to the county's economy, employment generation and flourishing private business, leaders of the country's business community lamented the death of the business tycoon.

In a condolence message, FBCCI President Jasim Uddin prayed for the eternal peace of the departed soul of the eminent businessman.

President of Dhaka Chamber of Commerce and Industry (DCCI) Rizwan Rahman, and Business Initiative Leading Development (BUILD) Chairperson Abul Kasem, among others, also condoled the his demise.

The magnificent heritage of Anwar Group of Industries began in 1834 by Anwar's grandfather Late Lakku Mia.

Later, his late father Rahim Buksh started an ivory button and comb manufacturing plant in Dhaka.

His family took its first step towards creating its core of excellence and sophistication in the early sixties by setting up and operating a silk textile unit.



**Anwar Hossain**

Anwar started his business in 1953 with establishment of Silk Mills in 1968, which brought Mala Sarees to the market.

Mala Sarees and Manwar Cutleries were two products, among many others, that brought huge success to the group in both domestic and international brand recognition.

Anwar was one of the founders of The City Bank, which was established in 1983.

Beyond business, Anwar engaged himself in politics and was elected as a parliamentarian from Dhaka-8 constituency in 1988.

Anwar also successfully served as director of Dhaka Chamber of Commerce and Industry for the period of 1976-78, 1982-83, 1984-85 and 1989-90.

He was the founder chairman of Anwar Group of Industries, The City Bank Limited, Bangladesh Finance and Investment Company Ltd and founder director of City General Insurance Company Limited.

As of today, there are about 20 companies under the group he founded. It employs over 30,000 people and produces more than 40 products and services, including textiles, jute, cement, steel, banking, non-banking financial institution, insurance, automobiles, housing and infrastructure.

Anwar Group is also the pioneer in manufacturing electrical cables, polyester fabrics, PTFE tape, UPVC fittings, and super enamel copper wire, in the country. It was also the promoter of the first private sector commercial bank in Bangladesh.

His sons, Manwar Hossain is the managing director of the Group, Hossain Mehmood is the managing director of Textiles Division and Hossain Khaled is the managing director of Jute, Automobiles and Real Estate Division.

Anwar Textile, Anwar Ispat, Anwar Cement, Anwar Cement Sheet, A1 Polymer, Anwar Galvanizing, Anwar Jute, Anwar Automobiles, Anwar Real Estate, Anwar Infrastructure, Furniture and Home Décor, Manwar Industries, Sunshine Cables & Rubber Works Ltd, are among many entities under the conglomerate.

Meanwhile, financial companies under the group include City General Insurance, bd Securities, bd capital and bd finance.

প্রথম আলো

১৯ আগস্ট, ২০২১



আনোয়ার হোসেন

# শিল্পপতি আনোয়ার হোসেনের জানাজা ও দাফন আজ

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আনোয়ার হোসেনের মরদেহ আজ বৃহস্পতিবার ঢাকার আজিমপুর কবরস্থানে দাফন করা হবে। এর আগে দুই দফা তাঁর জানাজা অনুষ্ঠিত হবে।

আনোয়ার হোসেনের বড় ছেলে মানোয়ার হোসেন *প্রথম আলো*কে জানিয়েছেন, আজিমপুরে আনোয়ার হোসেনের মায়ের কবরেই তাঁর মরদেহ দাফন করা হবে।

এদিকে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান জানান, আনোয়ার হোসেনের প্রথম জানাজা হবে আজ সকাল সাড়ে ১০টায় ধানমন্ডির বায়তুল আমান জামে মসজিদে। দ্বিতীয় জানাজা হবে জোহরের নামাজের পর পুরান ঢাকার আমলীগোলা শাহি মসজিদে।

আনোয়ার হোসেন গত মঙ্গলবার রাতে ধানমন্ডির একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তিনি দীর্ঘদিন ধরে ডিমেনশিয়া রোগসহ বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

আনোয়ার হোসেন বাংলাদেশের প্রথম প্রজন্মের শিল্প উদ্যোক্তাদের একজন। শুরুতে দেশজুড়ে আনোয়ার হোসেন পরিচিতি পেয়েছিলেন মালা শাড়ি দিয়ে। সবাই তাঁকে বলতেন, মালা শাড়ির আনোয়ার। ১৯৬৮ সালে তিনি আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন। আনোয়ার গ্রুপ এখন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বিমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ বিভিন্ন ধরনের পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত।

আনোয়ার হোসেনের চার মেয়ে ও তিন ছেলে। তাঁর বড় ছেলে মানোয়ার হোসেন এখন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। মেজ ছেলে হোসেন মেহমুদ আনোয়ার গ্রুপের ডায়িং অ্যান্ড প্রিন্টিং, বস্ত্রসহ বিভিন্ন ব্যবসা দেখাশোনা করেন। ছোট ছেলে হোসেন খালেদ গ্রুপের পাট, গাড়ি, আর্থিক খাতসহ বিভিন্ন ব্যবসার দায়িত্বে রয়েছেন।

এদিকে আনোয়ার হোসেনের মৃত্যুতে ডিসিসিআই গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছে।

প্রথম আলো
১৯ আগস্ট, ২০২১

## চলে গেলেন শিল্পোদ্যোক্তা আনোয়ার হোসেন

গত মঙ্গলবার রাতে ধানমন্ডির একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। দেশের পুরোনো উদ্যোক্তাদের একজন তিনি। প্রতিষ্ঠা করেছেন ২০টির বেশি শিল্পপ্রতিষ্ঠান। যেখানে বর্তমানে ২০ হাজার কর্মী কাজ করছেন। তবে অনেকেই তাঁকে মালা শাড়ির আনোয়ার হোসেন নামেই চেনেন।

# দেশীয় শিল্পের পথপদর্শক একজন আনোয়ার হোসেন

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

স্বাধীনতার আগে বাঙালিদের মধ্যে বড় ব্যবসায়ীর সংখ্যা ছিল খুবই কম। শিল্পোদ্যোক্তা ছিল হাতে গোনা। আনোয়ার হোসেন ছিলেন তাঁদেরই একজন। দেশীয় ব্র্যান্ডের জনপ্রিয় মালা শাড়ি থেকে শুরু করে দেশীয় মালিকানার বস্ত্রকল, চামচ-কাঁটাচামচ, বেসরকারি ব্যাংকের মতো নতুন নতুন উদ্যোগে তিনি ছিলেন অগ্রণী।

দেশের সফল এই শিল্পোদ্যোক্তা গত মঙ্গলবার রাতে রাজধানীর একটি হাসপাতালে শেষনিশ্বাস ত্যাগ করেন। ২০১২ সালে স্মৃতিশক্তি হারানোর রোগ বা ডিমেনশিয়ায় আক্রান্ত হন তিনি। তার আগেই নিজের হাতে গড়ে তোলেন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, আবাসন, পলিমার, আসবাব, অটোমোবাইল, ব্যাংক ও আর্থিক খাতের ২৬ প্রতিষ্ঠান। কর্মসংস্থান হয় ১৪ হাজার মানুষের। তাঁর সন্তানদের হাত ধরে বেশ ভালোভাবে এগিয়ে চলেছে আনোয়ার গ্রুপ। বর্তমানে শিল্পগোষ্ঠীর ২০ কোম্পানিতে ২০ হাজারের বেশি কর্মী রয়েছে।

আনোয়ার হোসেনের জন্ম ১৯৩৮ সালে। তাঁদের পারিবারিক ব্যবসার শুরু তারও ১০৪ বছর আগে, ১৮৩৪ সালে। ওই বছর তখনকার কুন্ডু রাজার কাছ থেকে চকবাজারে বছরে এক টাকা খাজনায় একটি ভিটা ইজারা নেন আনোয়ার হোসেনের দাদা লাক্কু মিয়া (আসল নাম লাট মিয়া)। এই ইজারার দলিলপত্র এখনো সংরক্ষিত আছে। ফলে এখন আনোয়ার হোসেনের পরিবারের ব্যবসার বয়স দাঁড়িয়েছে ১৮৫ বছর।

আনোয়ার হোসেনের নিজের ব্যবসা শুরু ১৯৫৩ সালে। এর আগে কয়েক বছর তিনি পারিবারিক ব্যবসা সামলেছেন। ৪৮০ টাকায় চকবাজারে ২২০ নম্বর দোকান নেন। নাম দেন আনোয়ার ক্লথ স্টোর। তাঁর বয়স তখন মাত্র ১৫ বছর। তখন ঢাকার রায়েরবাজারে হাট বসত। সেখানে তিনি লুঙ্গির গাঁটরি মাথায় করে নিয়ে যেতেন। পরনে লুঙ্গির ভাঁজে থাকত মুড়ি আর পেঁয়াজি। খিদে পেলে তাই খেতেন। ব্যবসা বাড়তে থাকে। একসময় চকবাজারে পাশের ছয়টি দোকান কিনে নেন আনোয়ার হোসেন। লুঙ্গি থেকে কাপড়, এরপর শাড়ি, ব্যবসা বাড়ছিল। আনোয়ার হোসেন নামেন ঢেউটিন আমদানির ব্যবসায়—সবই ১৯৫৩ থেকে ১৯৬০ সালের মধ্যে।



আনোয়ার হোসেন (জন্ম : ১৯৩৮, মৃত্যু : ২০২১)

বাণিজ্যে ভালো করছিলেন ঠিকই, কিন্তু আনোয়ার হোসেনের ইচ্ছা ছিল শিল্পকারখানা করার। ১৯৫৬ সালে বাড়িতে শাড়ির ছাপাখানা চালু করেছিলেন। সেটা সেই অর্থে শিল্প ছিল না। ১৯৬৮ সালে তিনি একটি সিল্ক মিল কিনে নিয়ে চালু করলেন আনোয়ার সিল্ক মিলস। তৈরি হলো মালা শাড়ি। এটিই বাংলাদেশের শাড়ির জগতে প্রথম সুপরিচিত ব্র্যান্ড। দেশের মুক্তিযুদ্ধের আগে ও পরে এই শাড়ি এতটাই জনপ্রিয়তা পেয়েছিল, বিয়ে মানেই ছিল মালা শাড়ি। আশির দশকেও বাংলাদেশ টেলিভিশনের একটি জনপ্রিয় জিঙ্গেল ছিল 'মালা শাড়ি না দিলে বিয়া করমু না'।

শিল্প উদ্যোক্তার পাশাপাশি ব্যবসায়িক সংগঠনের নেতৃত্বেও এগিয়ে ছিলেন আনোয়ার হোসেন। তিনি চার মেয়াদে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। ঢাকা চেম্বার ফাউন্ডেশনেরও প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান। রাজনীতিতে যোগ দিয়ে তিনি ঢাকা-৮ আসনের সাংসদ নির্বাচিত হন। তিন বছর দায়িত্ব পালন করেন। এরপর এরশাদের পতন হয়।

*আমার আট দশক* নামে আনোয়ার হোসেনের একটি আত্মজীবনী গ্রন্থ রয়েছে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত উপন্যাসের নামে আত্মজীবনীতে শেষ অনুচ্ছেদের নাম দিয়েছেন শেষের কবিতা। উপন্যাস থেকে উদ্ধৃত করে তিনটি লাইন লিখেছেন, 'তোমারে যা দিয়েছিনু সে তোমারি দান; গ্রহণ করেছ যত ঋণী তত করেছ আমায়। হে বন্ধু, বিদায়।'

# তিনি ছিলেন একজন সাহসী ও সৎ ব্যবসায়ী

স্মৃতিচারণা

**মাহবুবুর রহমান**,
সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স-বাংলাদেশ (আইসিসিবি)



মাহবুবুর রহমান

১৯৭৬/৭৭ সালে আনোয়ার হোসেনের সঙ্গে আমার পরিচয়। এরপর সেই পরিচয় কর্মক্ষেত্রের বাইরে পারিবারিক সম্পর্কে পরিণত হয়েছে। আমাদের দুই পরিবারের সম্পর্ক এখন অনেক নিবিড় ও ঘনিষ্ঠ। ঢাকা চেম্বারকে কার্যকর ও প্রকৃত ব্যবসায়ীদের সংগঠন হিসেবে গড়ে তোলার উদ্যোগের মাধ্যমে আমাদের যোগাযোগ। মোখলেসুর রহমান নামে চট্টগ্রাম চেম্বারের সাবেক এক সচিব এ উদ্যোগ নিয়েছিলেন। তিনিই আনোয়ার হোসেন, এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি নুরুদ্দিন আহমেদ, এম এ সাত্তার ও আমাকে একত্র করেছিলেন। পরে আরও অনেকে যুক্ত হন আমাদের সঙ্গে। আমরা মিলে গড়ে তুললাম সমমনা গোষ্ঠী। এ সমমনা গোষ্ঠীর পক্ষ থেকে পরবর্তী সময়ে অনেকে ঢাকা চেম্বারের নেতৃত্ব দিয়েছে। আনোয়ার হোসেন খুব ছোট থেকে বড় হয়েছেন। একসময় নিজে শাড়ি, লুঙ্গি মাথায় করে ফেরি করেছেন। এ কারণে ব্যবসার খুঁটিনাটি সমস্যাগুলো তাঁর খুব ভালো জানা ছিল। ঢাকা চেম্বারকে ব্যবসায়ীদের সংগঠন হিসেবে গড়ে তুলতে আমরা যখন সমমনা গোষ্ঠী গড়ে তুলি, তখন তার অভিজ্ঞতা আমাদের এগিয়ে যেতে সহায়তা করেছিল।

আনোয়ার হোসেন ও আমরা আরও অনেকে মিলে সত্তর ও আশির দশকে শিল্পকারখানা ও ব্যবসা-বাণিজ্য বেসরকারীকরণ জোরালো ভূমিকা রেখেছিলাম। আমরা সবাই মিলে প্রথম বেসরকারি খাতে ব্যাংক ও ইনস্যুরেন্সের দাবি করেছিলাম। পরবর্তী সময়ে আনোয়ার হোসেন, দীন মোহাম্মদসহ আরও কয়েকজন মিলে প্রথম প্রজন্মের বেসরকারি দ্য সিটি ব্যাংক গঠন করেন। পাশাপাশি অনেক শিল্পকারখানাও গড়ে তুলেছেন। বর্তমানে তাঁর সন্তানেরা ব্যবসার হাল ধরেছেন। তিনি ছিলেন একজন সাহসী ও সৎ ব্যবসায়ী। নিজে পড়ালেখা খুব বেশি করেননি। কিন্তু তিন ছেলেকে বিদেশে লেখাপড়া করিয়েছেন।

একসময় ব্যবসার পাশাপাশি রাজনীতিতেও নাম লেখানোর চেষ্টা করেছেন। পুরান ঢাকার লালবাগ থেকে সাংসদও হয়েছিলেন। কিন্তু কিছুদিন না যেতেই বুঝতে পারেন, ক্ষেত্রটি তাঁর জন্য না। তাই রাজনীতি থেকে সরে এসেছিলেন। বন্ধুবান্ধবের চেয়ে নিজের এলাকার লোকজন তাঁর কাছে অনেক বেশি প্রিয় ছিল। নিজের পরিবারের বাইরে পুরান ঢাকার নিজের এলাকার লোকজন, ঢাকা চেম্বার ও ব্যবসা প্রতিষ্ঠান—এ ছিল আনোয়ার হোসেন বৃহৎ পরিবার। মানুষের জন্য কিছু করতে পারলে তিনি খুব আনন্দ পেতেন।

কালের কণ্ঠ
১৯ আগস্ট, ২০২১



জন্ম : ৩০ অক্টোবর ১৯৩৮, মৃত্যু : ১৭ আগস্ট ২০২১

## আনোয়ার হোসেন

# সাধারণ থেকে অসাধারণ

এম সায়েম টিপু ▷

সাধারণ মানুষের অসাধারণ হয়ে ওঠার পথে পথে থাকে অনেক বাধা। টিকে থাকার লড়াইয়ে সেই বাধা জয় করতে পারেন খুব কম মানুষ। আর যাঁরা জয় করতে পারেন তাঁরাই হয়ে ওঠেন অসাধারণ। সেই অসাধারণ হয়ে ওঠা গল্পের নায়ক দেশের অর্থনীতি ও কর্মসংস্থানে অসামান্য অবদান রাখা অন্যতম শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেন।

মাত্র সাত বছর বয়সে বাবাকে হারিয়ে যিনি অথই সাগরে হাবুডুবু খেয়েছেন। তাঁর প্রতিষ্ঠিত আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এখন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বীমা,

▶▶ পৃষ্ঠা ১২ ক. ২

▶▶ শেষ পৃষ্ঠার পর

গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ ৩৬টি পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত। এতে প্রায় ২০ হাজার কর্মী কাজ করছেন। তাঁর হাতেই গড়ে উঠেছে এ দেশের প্রথম অভিজাত শাড়ির ব্র্যান্ড 'মালা শাড়ি'। ইংরেজদের শৌখিন খাবার গ্রহণের অনুষঙ্গ 'মনোয়ারের কাঁটাচামচ' ছিল বাংলাদেশে প্রথম, ঠিক একই সময়ের তরুণীদের বিয়ের আসরের অহংকার ছিল দেশে তৈরি প্রথম কোনো শাড়ির ব্র্যান্ড 'মালা শাড়ি'।

সদ্য স্বাধীন হওয়া একটি দেশ যেখানে হাঁটি হাঁটি পা পা করে উঠে দাঁড়াচ্ছে, ঠিক সেই সময় আধুনিক ও অভিজাত পণ্যের স্বপ্ন দেখেন একজন অতি সাধারণ মানুষ আনোয়ার হোসেন। তিনি স্কুলজীবনের গণ্ডি পার করতে না পারলেও তাঁর মেধা ও উদ্ভাবনীশক্তি তাঁকে দিনে দিনে অসাধারণ করে তুলেছিল। ফলে চলার পথে কোনো বাধাই থামাতে পারেনি।

আনোয়ার হোসেনের জন্ম ১৯৩৮ সালে। তাঁদের পারিবারিক ব্যবসা শুরু হয় ১৮৩৪ সালে। তাঁর দাদা এবং বাবাও ছিলেন দেশের প্রতিষ্ঠিত ব্যবসায়ী। বর্তমানে এই পরিবারের ব্যবসার বয়স দাঁড়িয়েছে প্রায় ২০০ বছর। আনোয়ার হোসেন তাঁর নিজের ব্যবসা শুরু করেন ১৯৫৩ সালে। ১৯৪৫ সালে তাঁর বাবার মৃত্যু হয়। তখন আনোয়ার হোসেনের বয়স সাত বছর। তাঁর বাবার নাম রহিম বখ্স।

দাদা লাট মিয়া শিং দিয়ে চিরুনি ও বোতাম তৈরি করে বিক্রি করতেন। শিংয়ের চিরুনির পাশাপাশি কাপড়সহ আরো কিছু পণ্যের ব্যবসা করতেন তিনি। ব্যবসার ক্রমবিকাশে ১৯৬৮ সালে আনোয়ার হোসেন একটি সিল্ক মিল কিনে নিয়ে চালু করলেন আনোয়ার সিল্ক মিলস। সেই কারখানায় তৈরি হলো মালা শাড়ির ইতিহাস।

একসময় দোকানে কাজ করে জমানো ৯০ টাকা সম্বল। মায়ের দেওয়া ৩৯০ টাকাসহ মোট মূলধন ৪৮০ টাকায় ১৯৫৩ সালে চকবাজারে দোকান নিলেন আনোয়ার। নাম দিলেন আনোয়ার ক্লথ স্টোর। বয়স তখন মাত্র ১৫ বছর। আজ তাঁর রেখে যাওয়া কয়েক হাজার কোটি টাকার প্রতিষ্ঠান।

আনোয়ার হোসেনের স্ত্রীর নাম বিবি আমেনা। আনোয়ার-আমেনা দম্পতির সাত সন্তান। চার মেয়ে ও তিন ছেলে। প্রথম তিন সন্তান মেয়ে শাহীন বেগম, সেলিনা বেগম মালা ও হাসিনা বেগম রুমা। আরেক মেয়ের নাম শাহনাজ বেগম মুন্নী। আনোয়ার হোসেনের বিখ্যাত মালা শাড়ির নাম দেওয়া হয় দ্বিতীয় সন্তান সেলিনা বেগম মালার নাম অনুসারে। চতুর্থ সন্তান মানোয়ার হোসেন, যিনি এখন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। মেজো ছেলের নাম হোসেন মেহমুদ। ছোট ছেলে হোসেন খালেদ।

ঢাকা চেম্বারের তথ্য অনুসারে, দেশের ব্যবসায়ী সংগঠনগুলোর মধ্যে স্বনামধন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) আজকের অবস্থানে আসার পেছনেও বড় ভূমিকা ছিল আনোয়ার হোসেনের। তিনি এবং সাবেক সভাপতি মাহবুবুর রহমান (এখন ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স বাংলাদেশ বা আইসিসিবির সভাপতি) মূলত সংগঠনটির অভিভাবক।

আনোয়ার হোসেন রাজনীতিতে যোগ দিয়ে তিন বছর সংসদ সদস্য (ঢাকা-৮ আসনের) হিসেবে দায়িত্ব পালন করেছেন। এরপর এরশাদ সরকারের পতন হয়। পরে আর রাজনীতির পথে পা বাড়াননি। হাসপাতাল ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা, সামাজিক সংগঠনে সহায়তায় উদারহস্ত আনোয়ার হোসেন। নিজের নামে একটি ফাউন্ডেশনও প্রতিষ্ঠা করেছেন, যেটি সামাজিক কল্যাণে ভূমিকা রাখছে।

জানা যায়, স্মৃতিশক্তি হারানোর রোগ বা ডিমেনশিয়ায় আক্রান্ত ছিলেন তিনি। সব শেষে গত মঙ্গলবার রাতে রাজধানীর ল্যাবএইড হাসপাতালে বার্ধক্যজনিত জটিলতায় চিকিৎসাধীন অবস্থায় ৮৪ বছর বয়সে মারা যান।

এদিকে ডিসিসিআইয়ের সভাপতি এক বার্তায় জানান, মরহুম আনোয়ার হোসেনকে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় রাজধানীর ধানমণ্ডিতে বায়তুল আমান জামে মসজিদে প্রথম এবং আমলীগোলা শাহি মসজিদে দ্বিতীয় জানাজা শেষে আজিমপুর কবরস্থানে দাফন করা হবে।

বণিক বার্তা
১৯ আগস্ট, ২০২১ সমৃদ্ধির সহযাত্রী

# আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেনের মৃত্যু



নিজস্ব প্রতিবেদক ■

বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আনোয়ার হোসেন মারা গেছেন। বার্ধক্যজনিত কারণে গত মঙ্গলবার রাতে তার মৃত্যু হয়। রাজধানীর ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন তিনি।

গতকাল আনোয়ার গ্রুপের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আনোয়ার হোসেন দীর্ঘদিন ডিমেনশিয়া রোগে ভুগছিলেন। আজ সকাল সাড়ে ১০টায় ধানমন্ডি ৭ নম্বর রোডে অবস্থিত বাইতুল আমান মসজিদে তার জানাজা অনুষ্ঠিত হবে।

তার মৃত্যুতে শোক জানিয়েছেন দেশের শীর্ষ ব্যবসায়ী নেতারাসহ বিভিন্ন মহল। শোক জানিয়েছে ব্যবসায়ীদের সংগঠন ডিসিসিআই। সংগঠনটির সভাপতি রিজওয়ান রাহমান, পরিচালনা পর্ষদের সদস্য ও চেম্বারের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীরা শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন। শোক জানিয়েছেন সিটি জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের পরিচালন পরিষদ ও সিটি ইন্স্যুরেন্স পরিবারের সদস্যরাও।

শিল্পোদ্যোক্তা আনোয়ার হোসেন ছিলেন সিটি ব্যাংকের সাবেক চেয়ারম্যান। ঢাকা-৮ আসনের সংসদ সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেন তিনি। তার জন্ম ১৯৩৮ সালে। তাদের পারিবারিক ব্যবসা অনেক পুরনো। তিনি নিজে ব্যবসা শুরু করেন ১৯৫৩ সালে। ওই বছর চকবাজারে ২২০ নম্বর দোকানে নিজের ব্যবসার শুরু হয় আনোয়ার ক্লথ স্টোর নামে। ১৯৬৮ সালে আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করেন আনোয়ার হোসেন। তার গড়ে তোলা আনোয়ার গ্রুপ এখন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বীমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ ৩৬টি পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত। গ্রুপটির অধীনে কোম্পানি রয়েছে ২০টি। আনোয়ার হোসেনের সন্তান সাতজন। চার মেয়ে ও তিন ছেলে।

অপ্রকাশ্য প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
১৯ আগস্ট, ২০২১



শিল্পপতি আনোয়ার হোসেন

# চলে গেলেন একজন সংগ্রামী উদ্যোক্তা

■ সমকাল প্রতিবেদক

দেশের শীর্ষস্থানীয় শিল্প গ্রুপ আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেন আর নেই। গত মঙ্গলবার রাতে রাজধানীর ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান (ইন্নালিল্লাহি ... রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে ডিমেনশিয়া বা স্মৃতিশক্তি হারানোর রোগসহ বার্ধক্যজনিত অন্যান্য রোগে ভুগছিলেন। তার বয়স ছিল ৮৪ বছর।

আনোয়ার হোসেনের জানাজা ও দাফন হবে আজ বৃহস্পতিবার। প্রথম জানাজা সকাল সাড়ে ১০টায় ধানমন্ডির বায়তুল আমান জামে মসজিদে এবং দ্বিতীয় জানাজা বাদ জোহর আমলীগোলা (লালবাগ) শাহী মসজিদে অনুষ্ঠিত হবে। জানাজা শেষে আজিমপুর কবরস্থানে তাকে দাফন করা হবে বলে পারিবারিক সূত্র জানিয়েছে। মরহুমের আত্মার মাগফিরাতের জন্য সবার কাছে দোয়া প্রার্থনা করেছেন পরিবারের সদস্যরা। সরকারের কয়েকজন মন্ত্রী, বিভিন্ন ব্যবসায়িক ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

সংগঠন ও ব্যক্তি তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। বর্তমানে আনোয়ার গ্রুপ নামের যে বড় শিল্পগোষ্ঠী তার পেছনে রয়েছে আনোয়ার হোসেনের ব্যবসায়ী বুদ্ধিমত্তা, ধৈর্য ও সংগ্রামের ইতিহাস। ১৯৫৩ সালে মাত্র ১৫ বছর বয়সে নিজের ব্যবসা শুরু করেন। তার আগে পারিবারিক ব্যবসা ও অন্যের দোকানে কাজ করে ব্যবসা শিখেছিলেন তিনি। সামান্য লুঙ্গির ব্যবসা থেকে বড় শিল্প গ্রুপ দাঁড় করিয়েছেন তিনি। আনোয়ার গ্রুপ বর্তমানে বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, পলিমার, গ্যালভানাইজিং, ব্যাংক, বীমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাব খাতের পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত।

ব্যবসার শুরুতে দোকানের পাশাপাশি হাটে লুঙ্গি বিক্রি করেছেন আনোয়ার হোসেন। পরিশ্রমের ফলও পেয়েছেন। ধীরে ধীরে বেড়েছে ব্যবসা। এরপর তিনি শুরু করেন ঢেউটিন আমদানি। পাশাপাশি বাড়িতে শাড়ির ছাপাখানা তৈরি করেন। এরপর ১৯৬৮ সালে আনোয়ার হোসেন আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন। মালা শাড়ি বিখ্যাত ব্র্যান্ড হিসেবে ব্যাপক জনপ্রিয়তা পায়। ঢাকার পাশাপাশি দেশের বিভিন্ন জেলায় আনোয়ার হোসেনের ব্যবসা ছড়িয়ে পড়ে।

স্বাধীনতা যুদ্ধের সময় তার দোকানপাট ও দেশের বিভিন্ন স্থানে থাকা গদিতে (বিক্রয়কেন্দ্র) আগুন দেয় পাকিস্তানি সৈন্যরা। পণ্য ও পুঁজি দুটোই হারান, কিন্তু দমে যাননি। স্বাধীনতার পর শাড়ির ব্যবসার পাশাপাশি তিনি শুরু করেন স্টিলের ব্যবসা। চামচ, কাঁটাচামচের ব্যবসায় নামেন। শুরু করেন ব্যাংকের ব্যবসাও। দেশের প্রথম প্রজন্মের বেসরকারি ব্যাংক দ্য সিটি ব্যাংকের উদ্যোক্তাদের অন্যতম তিনি। এই ব্যাংকের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন চারবার। ব্যবসার পাশাপাশি রাজনীতিতেও যুক্ত হন তিনি। রাজনীতিতে যোগ দিয়ে তিন বছর সাংসদ (ঢাকা-৮ আসনের) হিসেবে দায়িত্ব পালন করেছেন আনোয়ার হোসেন।

দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) আজকের অবস্থানে আসার পেছনেও বড় ভূমিকা ছিল আনোয়ার হোসেনের। এ চেম্বার প্রতিষ্ঠার পেছনে তার অবদান রয়েছে। চারবার চেম্বারের পর্ষদে পরিচালকের দায়িত্ব পালন করেছেন। ছিলেন ডিসিসিআই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান। হাসপাতাল ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা, সামাজিক সংগঠনের সঙ্গেও তিনি যুক্ত ছিলেন। নিজের নামে একটি ফাউন্ডেশনও প্রতিষ্ঠা করেছেন। আনোয়ার হোসেনের নিজের তেমন কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা না থাকলেও সন্তানদের দেশে-বিদেশে পাঠিয়ে উচ্চশিক্ষা দিয়েছেন। তার চার মেয়ে ও তিন ছেলে। প্রথম তিন সন্তান মেয়ে। শাহীন বেগম, সেলিনা বেগম মালা ও হাসিনা বেগম রুমা। আরেক মেয়ের নাম শাহনাজ বেগম মুন্নী। আনোয়ার হোসেনের বিখ্যাত মালা শাড়ির নাম দেওয়া হয় দ্বিতীয় সন্তান সেলিনা বেগম মালার নাম অনুসারে। চতুর্থ সন্তান মানোয়ার হোসেন, যিনি এখন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। মেজ ছেলের নাম হোসেন মেহমুদ। ছোট ছেলের নাম হোসেন খালেদ। হোসেন খালেদ ঢাকা চেম্বারের সবচেয়ে কম বয়সী সভাপতি ছিলেন।

**যারা শোক জানিয়েছেন :** আনোয়ার হোসেনের মৃত্যুতে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী আলাদা আলাদা বার্তায় শোক প্রকাশ করে তার বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। শোক প্রকাশ করেছেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমানসহ পরিচালনা পর্ষদ। শোক প্রকাশ করেছেন বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্টের (বিল্ড) চেয়ারপারসন আবুল কাশেম খান।

দেশ রূপান্তর
১৯ আগস্ট, ২০২১

# ‘মালা শাড়ি’খ্যাত আনোয়ার হোসেন আর নেই

নিজস্ব প্রতিবেদক

দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের চেয়ারম্যান আনোয়ার হোসেন আর নেই। গত মঙ্গলবার রাতে ধানমন্ডির ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। সাবেক সাংসদ ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেন দীর্ঘদিন ডিমেনশিয়া রোগে ভুগছিলেন। দেশের শীর্ষস্থানীয় উদ্যোক্তাদের একজন আনোয়ার হোসেন, যিনি অনেকের কাছেই পরিচিত মালা শাড়ির আনোয়ার হোসেন নামে।

আনোয়ার হোসেনের জন্ম ১৯৩৮ সালে। অবশ্য তাদের পারিবারিক ব্যবসার শুরু তারও ১০৪ বছর আগে, ১৮৩৪ সালে। ১৯৫৩ সাল থেকে বিভিন্ন ব্যবসা শুরু করলেও ১৯৬৮ সালে একটি সিল্ক মিল চালুর মাধ্যমে উদ্যোক্তা হয়ে ওঠেন তিনি। বাংলাদেশের স্বাধীনতার আগে দেশে যে কয়েকজন বাঙালি শিল্প উদ্যোক্তা ছিলেন তাদের একজন আনোয়ার হোসেন, যাদের হাত ধরে



দেশে শিল্পায়ন শুরু হয়েছে। দেশজুড়ে আনোয়ার হোসেন প্রথমে পরিচিতি পেয়েছিলেন মালা শাড়ি দিয়ে। সবাই তাকে বলতেন মালা শাড়ির আনোয়ার। ১৯৬৮ সালে তিনি আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন। আনোয়ার হোসেনের বিখ্যাত মালা শাড়ির নাম দেওয়া হয় দ্বিতীয় সন্তান সেলিনা বেগম মালার নামানুসারে। আনোয়ার গ্রুপ এখন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বীমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ ৩৬টি পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত। গ্রুপটির অধীনে কোম্পানি রয়েছে ২০টি।

আনোয়ার হোসেনের চার মেয়ে ও তিন ছেলে। প্রথম তিন সন্তান শাহীন বেগম, সেলিনা বেগম মালা ও হাসিনা বেগম রুমা। আরেক মেয়ের নাম শাহনাজ বেগম মুন্নী। চতুর্থ সন্তান মানোয়ার হোসেন, যিনি এখন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। আনোয়ার সিমেন্ট, আনোয়ার স্টিল মিলস, আনোয়ার গ্যালভানাইজিং, মানোয়ার ইন্ডাস্ট্রিজ ও সানশাইন কেবলসের ব্যবসা দেখাশোনা করেন তিনি। মেজো ছেলে হোসেন মেহমুদ। টেক্সটাইলে বিশেষ আগ্রহ থাকায় তিনি এখন হোসেন ডায়িং অ্যান্ড প্রিন্টিং, মেহমুদ ইন্ডাস্ট্রিজ, আনোয়ার সিল্ক, আনোয়ার টেক্সটাইল ও আনোয়ার টেরিটাওয়েলের ব্যবসা দেখাশোনা করেন।

ছোট ছেলে হোসেন খালেদ। তিনি দেখাশোনা করেন আনোয়ার জুট মিলস, এজি অটোমোবাইলস, বাংলাদেশ ফিন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানিসহ কয়েকটি ব্যবসা। হোসেন খালেদ সবচেয়ে কম বয়সে ঢাকা চেম্বারের সভাপতি হন।

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

১৯ আগস্ট, ২০২১

# শিল্পপতি আনোয়ার হোসেন আর নেই, আজ আজিমপুরে দাফন



নিজস্ব প্রতিবেদক

মালা শাড়িতে খ্যাতি পাওয়া দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আনোয়ার হোসেন আর নেই। মঙ্গলবার রাত ১০টার দিকে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আজ সকাল সাড়ে ১০টায় ধানমন্ডি ৭ নম্বর রোডের বাইতুল আমান জামে মসজিদে জানাজা শেষে আজিমপুর কবরস্থানে তাকে দাফনের কথা রয়েছে। পুরান ঢাকার লালবাগ এলাকার এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

[পেছনের পৃষ্ঠার পর] সাবেক সংসদ সদস্য ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আনোয়ার হোসেন দীর্ঘদিন ধরে ডিমেনশিয়া (স্মৃতিশক্তি হারানোর রোগ) ও বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। দেশজুড়ে তাকে প্রথমে পরিচিতি পেয়েছিলেন মালা শাড়ি দিয়ে। সবাই বলতেন, মালা শাড়ির আনোয়ার। মালা শাড়ি বাংলাদেশের শাড়ির জগতে প্রথম সুপরিচিত ব্র্যান্ড। দেশে মুক্তিযুদ্ধের আগে ও পরে এই শাড়ি এতটাই জনপ্রিয়তা পেয়েছিল যে, বিয়ে মানেই ছিল কনেকে মালা শাড়ি পরানো। ১৯৬৮ সালে তিনি আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন।

আনোয়ার হোসেনের জন্ম ১৯৩৮ সালে। তাদের পারিবারিক ব্যবসার শুরু তারও ১০৪ বছর আগে, ১৮৩৪ সালে। ওই বছর তখনকার কুণ্ডু রাজার কাছ থেকে চকবাজারে বছরে এক টাকা খাজনায় একটি ভিটা ইজারা নেন আনোয়ার হোসেনের দাদা লাট মিয়া। এই হিসেবে আনোয়ার হোসেনের পরিবারের ব্যবসার বয়স দাঁড়িয়েছে ১৮৩ বছর।

আনোয়ার হোসেন ব্যবসা শুরু করেন ১৯৫৩ সালে। তিনি কর্মসংস্থান করেছেন প্রায় ১৪ হাজার মানুষের। ১৯৬৮ সালে তিনি প্রথম বড় কারখানা আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করেন। বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, আবাসন, পলিমার, আসবাব, অটোমোবাইল, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, অবকাঠামো, আসবাবসহ বিভিন্ন ধরনের পণ্য ও সেবা খাত মিলিয়ে তার প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান এখন ২৬টি। একেবারে ছোট পরিসরে যাত্রা শুরু করা এই আনোয়ার গ্রুপ এখন দেশের অন্যতম শীর্ষ শিল্পগোষ্ঠী। ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত সিটি ব্যাংকে চার দফায় চেয়ারম্যান ছিলেন আনোয়ার হোসেন।

আনোয়ার হোসেনের স্ত্রীর নাম বিবি আমেনা। আনোয়ার-আমেনা দম্পতির চার মেয়ে ও তিন ছেলে রয়েছে। প্রথম তিন সন্তান মেয়ে। তারা হলেন শাহীন বেগম, সেলিনা বেগম মালা ও হাসিনা বেগম রুমা। আরেক মেয়ের নাম শাহনাজ বেগম মুন্নী। চতুর্থ সন্তান মানোয়ার হোসেন, যিনি এখন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। আনোয়ার সিমেন্ট, আনোয়ার স্টিল মিলস, আনোয়ার গ্যালভানাইজিং, মানোয়ার ইন্ডাস্ট্রিজ ও সানশাইন কেবলসের ব্যবসা সামলান তিনি। মেজো ছেলের নাম হোসেন মেহমুদ। টেক্সটাইলে বিশেষ আগ্রহ থাকায় তিনি এখন হোসেন ডায়িং অ্যান্ড প্রিন্টিং, মেহমুদ ইন্ডাস্ট্রিজ, আনোয়ার সিল্ক, আনোয়ার টেক্সটাইল ও আনোয়ার টেরিটাওয়েলের ব্যবসা দেখাশোনা করেন। ছোট ছেলে হোসেন খালেদ। তিনি দেখাশোনা করেন আনোয়ার জুট মিলস, এজি অটোমোবাইলস, বাংলাদেশ ফিন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট কোম্পানিসহ কয়েকটি ব্যবসা। হোসেন খালেদ সবচেয়ে কম বয়সে ঢাকা চেম্বারের সভাপতি হন।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
১৯ আগস্ট, ২০২১



## শোক সংবাদ

# আনোয়ার হোসেন

আনোয়ার গ্রুপ এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান, সাবেক এমপি ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা আলহাজ আনোয়ার হোসেন দীর্ঘদিন ডিমেশিয়া রোগেভুগে ও বার্ধক্য জনিত কারণে গত মঙ্গলবার ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মরহুমের রূহের মাগফেরাতের জন্য সকলের নিকট দোয়া প্রার্থনা করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিটে মরহুমের জানাজার নামাজ ধানমন্ডি ৭ নং রোডে অবস্থিত বাইতুল আমান মসজিদে অনুষ্ঠিত হবে। প্রেস বিজ্ঞপ্তি

সত্যের সন্ধানে নির্ভীক
THE DAILY JUGANTOR
যুগান্তর
১৯ আগস্ট, ২০২১



# শিল্পপতি আনোয়ার হোসেন আর নেই

দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের চেয়ারম্যান আনোয়ার হোসেন আর নেই। রাজধানীর ধানমন্ডিতে একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাতে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। মালা শাড়ির উদ্যোক্তা আনোয়ার হোসেন পরিচিতি পেয়েছিলেন মালা শাড়ি দিয়ে। ১৯৬৮ সালে আনোয়ার হোসেন আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন। এরপর গড়ে তোলেন বিভিন্ন শিল্প, কারখানা, ব্যাংক, বিমা।

আনোয়ার গ্রুপ বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বিমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ ৩৬টি পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত। গ্রুপটির অধীনে কোম্পানি রয়েছে ২০টি। ১৪০০০ কর্মকর্তা-কর্মচারী রয়েছেন এ গ্রুপে। আনোয়ার হোসেন ছিলেন লালবাগ এলাকার সাবেক সংসদ সদস্য ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। তিনি দীর্ঘদিন ডিমেশিয়া রোগে ভুগে বার্ধক্যজনিত কারণে মারা যান। আজ সকাল সাড়ে ১০টায় তার জানাজা ধানমন্ডি ৭নং রোডে বাইতুল আমান মসজিদে অনুষ্ঠিত হবে।

আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠান বাংলাদেশ ফিন্যান্স, সিটি জেনারেল ইন্স্যুরেন্স ও আনোয়ার গ্যালভানাইজিং স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত কোম্পানি।

আনোয়ার হোসেনের ছেলে মনোয়ার হোসেন বাংলাদেশ স্টিল রি-রোলিং মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি ও মধুমতি ব্যাংকের পরিচালক। তার ছেলে হোসেন খালেদ ঢাকা চেম্বারের সাবেক সভাপতি ও সিটি ব্যাংক লিমিটেডের ভাইস চেয়ারম্যান। তিনি দেশব্যাপী বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠনের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
১৯ আগস্ট, ২০২১



# আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেন আর নেই

বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আলহাজ আনোয়ার হোসেন আর নেই। দীর্ঘদিন ডিমেনশিয়া রোগে ভুগে বার্ধক্যের কারণে গত মঙ্গলবার মৃত্যুবরণ করেন তিনি।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় তার জানাজা ধানমন্ডি ৭নং রোডে অবস্থিত বাইতুল আমান মসজিদে অনুষ্ঠিত হবে। আলহাজ আনোয়ার হোসেন ছিলেন লালবাগ এলাকার সাবেক এমপি ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা। বিজ্ঞপ্তি।

শেয়ার বিজ
The Daily Share Biz



# আনোয়ার গ্রুপের চেয়ারম্যান আনোয়ার হোসেন আর নেই

**নিজস্ব প্রতিবেদক**

দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের চেয়ারম্যান আনোয়ার হোসেন আর নেই। মঙ্গলবার রাতে ধানমন্ডির ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে ডিমেনশিয়াসহ বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। তার বয়স হয়েছিল ৮৩ বছর।

আনোয়ার হোসেনের বড় ছেলে ও আনোয়ার গ্রুপের গ্রুপ এমডি মানোয়ার হোসেন জানিয়েছেন, তার বাবার জানাজা ও দাফন হবে বৃহস্পতিবার (আজ)। সকাল ১০টা ৩০ মিনিটে ধানমন্ডির ৭নং রোডে অবস্থিত বাইতুল আমান মসজিদে জানাজা অনুষ্ঠিত হবে।

দেশজুড়ে আনোয়ার হোসেন প্রথমে পরিচিতি পেয়েছিলেন মালা শাড়ি দিয়ে। সবাই তাকে বলতেন, মালা শাড়ির আনোয়ার। ১৯৬৮ সালে তিনি আনোয়ার সিল্ক মিলস প্রতিষ্ঠা করে মালা শাড়ি বাজারে আনেন। সাবেক এ সংসদ সদস্য সিটি ব্যাংকের অন্যতম প্রতিষ্ঠাতা পরিচালকও ছিলেন।

আনোয়ার গ্রুপ এখন বস্ত্র, পাট, সিমেন্ট, ইস্পাত, ব্যাংক, বিমা, গাড়ি, আবাসন, অবকাঠামো, আসবাবসহ নানা ধরনের পণ্য ও সেবা খাতের ব্যবসার সঙ্গে যুক্ত।

আনোয়ার হোসেনের চার মেয়ে ও তিন ছেলে। এর মধ্যে বড় ছেলে মানোয়ার হোসেন আনোয়ার গ্রুপের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করছেন। তাছাড়া টেক্সটাইল ডিভিশনের দায়িত্বে আছেন হোসাইন মাহমুদ এবং হোসাইন খালেদ গ্রুপটির জুট, অটোমোবাইলস ও রিয়েল এস্টেটের দায়িত্ব পালন করছেন। ছোট ছেলে হোসেইন খালেদ ঢাকা চেম্বারের সাবেক সভাপতি।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
১৯ আগস্ট, ২০২১



# চলে গেলেন আনোয়ার গ্রুপের চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক

দেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী আনোয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান আলহাজ আনোয়ার হোসেন মারা গেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মঙ্গলবার রাতে ধানমন্ডির ল্যাবএইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষনিশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। আনোয়ার গ্রুপের পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

রাজধানীর পুরান ঢাকা লালবাগ এলাকার সাবেক সংসদ সদস্য ও সিটি ব্যাংকের প্রতিষ্ঠাতা আনোয়ার হোসেন ২০১২ সাল থেকে ডিমেনশিয়া (স্মৃতিশক্তি হারানোর রোগ) ও বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন। বুধবার সকাল সাড়ে ১০টায় মরহুমের জানাজা ধানমন্ডি ৭ নম্বর রোডে বাইতুল আমান জামে মসজিদে অনুষ্ঠিত হয়। দেশের পুরনো উদ্যোক্তাদের অন্যতম আনোয়ার হোসেন। অনেকেই তাকে মালা শাড়ির আনোয়ার হোসেন নামে চেনেন। ছোট থেকে শুরু করেছিলেন, এখন আনোয়ার গ্রুপ দেশের অন্যতম শীর্ষ শিল্পগোষ্ঠী। মালা শাড়ি বাংলাদেশের শাড়ির জগতে প্রথম সুপরিচিত ব্র্যান্ড। দেশের মুক্তিযুদ্ধের আগে ও পরে এই শাড়ি এতটাই জনপ্রিয়তা পেয়েছিল যে, বিয়ে মানেই ছিল মালা শাড়ি।